



## রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২৪-২০২৫

ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনসিটিউট)

সূত্র: ৫৪৭/কআ/৩১৯

তারিখ: ২৫/০৮/২০২৫

### ভর্তি পরীক্ষার প্রাথমিক ফলাফল প্রকাশ

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনসিটিউট)-এর ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষার ফলাফল প্রাথমিকভাবে ওয়েবসাইটে প্রকাশ করা হলো। ভর্তির জন্য বিভাগভিত্তিক চূড়ান্ত মেধা তালিকা পরবর্তীতে প্রকাশ করা হবে।

প্রাথমিক ফলাফলে ন্যূনতম ৪০ নম্বরপ্রাপ্ত ভর্তি পরীক্ষার্থীদের মধ্যে যারা চারকলা অনুষদভুক্ত তিনটি বিভাগে (১. চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র বিভাগ, ২. মৃৎশিল্প ও ভাস্কর্য বিভাগ, ৩. গ্রাফিক ডিজাইন, কার্যশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগ) এবং কলা অনুষদভুক্ত সংগীত বিভাগ ও নাট্যকলা বিভাগে ভর্তি হতে ইচ্ছুক তাদের ব্যাবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যাবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আগামী ২৬ এপ্রিল থেকে ৩০ এপ্রিল, ২০২৫ তারিখের মধ্যে অনলাইনে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। ফরম পূরণের ওয়েবলিংক: <https://admission.ru.ac.bd/>; উল্লেখ্য যে, এসব বিভাগের ব্যাবহারিক পরীক্ষায় অংশগ্রহণ কোনো পরীক্ষার্থীর A ইউনিটভুক্ত অন্যান্য বিভাগে মেধা অনুসারে ভর্তির ক্ষেত্রে বাধা হবে না।

সংগীত বিভাগ ও নাট্যকলা বিভাগের ব্যাবহারিক পরীক্ষা ১১, ১২, ১৩ মে ২০২৫ তারিখে অনুষ্ঠিত হবে। এ দুই বিভাগের ব্যাবহারিক পরীক্ষার বিস্তারিত সময়সূচি ৫ মে ২০২৫ তারিখে জানানো হবে। চারকলা অনুষদের ব্যাবহারিক (ড্রাইং) পরীক্ষা ১১ মে ২০২৫ তারিখ দুপুর ১২টা থেকে ১টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

ইংরেজি বিভাগে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য MCQ পরীক্ষায় উভৌর্ণ শিক্ষার্থীদের মধ্য থেকে ইংরেজি অংশে প্রাপ্ত সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে ২টি গ্রন্থ থেকে মোট ১৬৬৪ জনের তালিকা প্রকাশ করা হলো। তাদের লিখিত পরীক্ষা আগামী ১১ মে ২০২৫ তারিখ সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ইংরেজি বিভাগে ভর্তির ক্ষেত্রে শুধু লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে চূড়ান্ত মেধা তালিকা প্রকাশ করা হবে।

ভর্তি পরীক্ষা সংক্রান্ত উপর্যুক্ত প্রক্রিয়া সম্পর্ক হওয়ার পর ভর্তিচ্ছুদের বিষয় পছন্দক্রম নিয়ে বিভাগভিত্তিক চূড়ান্ত মেধা তালিকা পরবর্তীতে প্রকাশ করা হবে।

প্রকাশিত ফলাফলে কোনো ভুল-ক্রটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ধন্যবাদাত্তে

২৫.৮.২০২৫

(প্রফেসর ড. মোহাম্মদ বেলাল হোসেন)

ডীন, কলা অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়।

ও

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট-A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও  
চারকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনসিটিউট)  
১ম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা: ২০২৪-২০২৫